

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ অফিস  
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।

তারিখ-০৮.০৬.২০১৯খ্রি:

নং-১৬.০৩.০০০০.০০৬.০১.০০৩.১৫-

বিষয়: ২০১৯ সালে সরকারি ও বেসরকারি গমনেচ্ছ হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষাকরণ।

সূত্র: স্বা:/অধি:/রোনি/হজ/প্রশাসন/২০১৮/২৫২৮, তারিখ-২৭.০৫.২০১৯খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালে সরকারি ও বেসরকারিভাবে হজে গমনেচ্ছগনের আগামী ১৬.০৬.২০১৯খ্রি: হতে নিম্নোক্ত প্রতিষ্ঠান/স্থানে ম্যানিনজাইটিস/ইনফ্লুয়েঞ্জার টিকা প্রদান করা হবে। তা ছাড়া আগামী ৩০.০৬.২০১৯খ্রি: আশকোনাস্থ হজক্যাম্প, মেডিকেল সেন্টারে স্বাস্থ্য পরীক্ষা কেন্দ্র খোলা হবে।

(ক) ঢাকা জেলা ও মহানগরী হজযাত্রীদের জন্য:

- (১) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
  - (২) স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও মিটফোর্ড হাসপাতাল, ঢাকা।
  - (৩) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
  - (৪) কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা ক্যান্টনম্যান্ট, ঢাকা।
  - (৫) ৫০০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মুগদা, ঢাকা।
  - (৬) সরকারী কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা।
  - (৭) বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, ঢাকা।
  - (৮) সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
  - (৯) কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।
- এ ছাড়াও শহীদ তাজ উদ্দিন আহমেদ মেডিকেল কলেজ হাসপাতাল, গাজীপুর ও শহীদ আহসান উল্লাহ মাষ্টার জেনারেল হাসপাতাল, টংগী, গাজীপুরে দুইটি মেডিকেল সেন্টার চালু করা হয়েছে।

(খ) অন্যান্য জেলার হজযাত্রীদের জন্য:

- (১) বিভাগীয় শহরে সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল।
- (২) জেলা শহরে সিভিল সার্জনের কার্যালয়।

০২। উল্লিখিত কেন্দ্রসমূহে সরকারি বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের স্বাস্থ্য পরীক্ষাতে ম্যানিনজাইটিস/ইনফ্লুয়েঞ্জার টিকা নিয়ে সংগৃহীত স্বাস্থ্যসনদ বিমানবন্দরে প্রদর্শনের নিমিত্ত নিজ হেফাজতে রাখতে হবে।

০৩। বিষয়টি সকল হজ এজেন্সীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

৮.৬.২০১৯  
(মো: সাইফুল ইসলাম)  
পরিচালক  
ফোন : ৪৮৯৫৮৪৬২

সভাপতি/মহাসচিব

হজ এজেন্সীস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)

সাত্তারা সেন্টার, হোটেল ভিক্টোরী, নয়াপল্টন, ঢাকা।

নং-১৬.০৩.০০০০.০০৬.০১.০০৩.১৫-৮৯২

তারিখ-০৮.০৬.২০১৯খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার .....(তৌর বিভাগের হজযাত্রীদের সংশ্লিষ্ট ডেন্যুতে গিয়ে স্বাস্থ্য পরীক্ষাপূর্বক স্বাস্থ্য সনদ সংগ্রহ করার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৪। জেলা প্রশাসক.....(তৌর জেলার হজযাত্রীদের সংশ্লিষ্ট ডেন্যুতে গিয়ে স্বাস্থ্য পরীক্ষাপূর্বক স্বাস্থ্য সনদ সংগ্রহ করার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৫। সিভিল সার্জন.....।
- ৬। পরিচালক (রোগ নিয়ন্ত্রণ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। প্রধান নির্বাহী কর্মকর্তা (ই-সার্ভ), বিজনেস অটোমেশন লি., কারওয়ান বাজার, ঢাকা [www.haji.gov.bd](http://www.haji.gov.bd) তে আপ লোড করার অনুরোধসহ)

(মো: সাইফুল ইসলাম)  
পরিচালক।